

# বিশ্বাস করো, আমি একটি খরগোশ

Ye Min Kyaw

Haru (AKZ)

Let's Read

The Asia Foundation




একদিন একটি বাদামী রঙের খরগোশ হাঁটতে বের হলো। পথে যেতে যেতে তার দেখা হলো এক বানরের সাথে ।

বানরটি তাকে জিজ্ঞেস করলো, ”তুমি কে?”

খরগোশটি উত্তর দিল, ”আমি খরগোশ। আমি হাঁটতে বেড়িয়েছি।”




বানরটি খরগোশটির উত্তর শুনে হেসে দিলো। বানরটি বললো, ”আমার মনে হয় তুমি একটি বানর কারণ তুমি দেখতে আমার মতই বাদামী। তোমাকে দেখে তো খরগোশ মনেই হয় না।”



খরগোশটি কিছু বুঝতে পারছিল না, তবুও সে হাঁটতে থাকে। যেতে যেতে তার দেখা হলো একটি কাঠবিড়ালির সাথে।

তাকে দেখে কাঠবিড়ালিটি বললো, "এসো আমরা গাছে উঠি এবং একসাথে খেলি।"


খরগোশটি জবাব দিল, "আমার মতো খরগোশ তো গাছে উঠতে পারে না।"




কিন্তু তুমি তো কাঠবিড়ালির মতোই বাদামী,” কাঠবিড়ালিটি হাসতে হাসতে বললো। খরগোশটির আরো বেশি সব এলো মেলো লাগছে, তাও সামনের দিকে চলতে থাকলো।




খরগোশটির সাথে এবার একটি ইঁদুরের দেখা হলো। ইঁদুরটিও বিশ্বাস করলো না যে সে একটি খরগোশ! খরগোশটি বললো, "আমার দিকে তাকাও। আমার কানগুলো ও পা গুলোর দিকে তাকাও।"



"আমি তোমাকে বিশ্বাস করি না। তোমার গায়ের রং বাদামি, তাই তুমি একটি ইঁদুর। আমি কোনো মিথ্যাবাদীর সাথে কথা বলতে চাই না", ইঁদুরটি বললো। খরগোশটি দুঃখে কি করবে বুঝতে না পেরে কেঁদে উঠলো। সে কি আসলেই একটি খরগোশ?



অবশেষে, খরগোশটি একটি বৃদ্ধ সজারুকে দেখতে পেলো। সজারুটির এতই বয়স হয়ে গিয়েছিল যে সে কেবল লাঠিতে ভর দিয়েই হাঁটতে পারতো।



সজারুটি গাছের ছায়ার নিচে বিশ্রাম নিতে থামলো। খরগোশটি তার কাছে গিয়ে বললো, ”সজারু চাচা, আপনি তো কচ্ছপের মত ধীর গতিতে চলছেন।” সজারুটি জবাবে বললো, ”হ্যাঁ, খরগোশ, আমি বুড়ো হয়ে গেছি এবং আমার চলার গতিও কমে যাচ্ছে।”



খরগোশটি তার কথা শুনে অবাক হয়ে বললো, ”বাহ! তুমি জানো আমি একটি খরগোশ?”

”হ্যাঁ, আমি জানি। আমার গতি ধীর হলেও আমি একটি সজারু। আর তোমার গায়ের রং বাদামী হলেও তুমি একটি খরগোশ,” সজারুটি বললো।



খরগোশটি একথা শুনে খুবই খুশি হলো এবং আত্মবিশ্বাসের সাথে সে সামনের দিকে হাঁটতে শুরু করলো এই ভেবে যে সে সত্যিই একটি খরগোশ।



প্রশ্নাবলীঃ

১. খরগোশটিকে দেখে বানর, কাঠবিড়ালি এবং ইঁদুর কেন হেসেছিল?

২. খরগোশটি কেন মন খারাপ করেছিল?

৩. সজারুটি কী বলেছিল?

৪. তোমার দেখা খরগোশগুলো সম্পর্কে কিছু বলো।

Third Story Project

থার্ড স্টোরি প্রকল্প এবং দ্য এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় পরিচালিত একটি বই উন্নয়ন কর্মশালার মাধ্যমে এই বইটি তৈরি করা হয়েছে। থার্ড স্টোরি প্রকল্পটি সমগ্র মিয়ানমারে শিশুদের জন্য বিনা মূল্যে বিতরণের জন্য বার্মিজ এবং মিয়ানমারের অন্যান্য ভাষায় বাচ্চাদের বই তৈরি এবং উৎপাদন করে। গল্পগুলো মিয়ানমারের দর্শকদের জন্য মিয়ানমারের শিল্পীদের দ্বারা লিখিত ও চিত্রিত এবং এতে শান্তি, সহনশীলতা, বৈচিত্র্য, লিঙ্গ, পরিবেশ এবং শিশু অধিকার সম্পর্কিত সমস্যাগুলো উপস্থাপন করা হয়েছে।

Brought to you by

The Asia Foundation

Let’s Read is an initiative of The Asia Foundation’s Books for Asia program that fosters young readers in Asia and the Pacific.
booksforasia.org
To read more books like this and get further information about this book, visit letsreadasia.org

**Original Story**
*ယုန်ဆိုတာယုံပါ (Trust Me, I am a Rabbit)*, Author: Ye Min Kyaw. Illustrator: Haru (AKZ). Published by The Asia Foundation - Let’s Read, © The Asia Foundation - Let’s Read. Released under CC BY-NC 4.0.

This work is a modified version of the original story. © The Asia Foundation, 2021. Some rights reserved. Released under CC BY-NC 4.0.

For full terms of use and attribution, http://creativecommons.org/licenses/by-nc/4.0/